একাদশে ভর্তির প্রথম ধাপের ফল রবিবার

অনলাইন ডেস্ক

২১ জুন ২০২৪, ০৬:২৩ পিএম











প্রতীকী ছবি

একাদশ শ্রেণিতে ভর্তির প্রথম ধাপে আবেদন করা শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে আগামী রবিবার রাত ৮টায়। ওইদিন শিক্ষার্থীরা জানতে পারবেন, তিনি কোন কলেজে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হয়েছেন। এ ধাপে আবেদন করেছেন সাড়ে ১৩ লাখেরও বেশি শিক্ষার্থী। গত ১৩ জুন ছিল প্রথম ধাপের আবেদন প্রক্রিয়ার শেষ দিন।

আজ শুক্রবার ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড সূত্র ও একাদশে ভর্তি আবেদনের ওয়েবসাইট থেকে এমন তথ্য পাওয়া গেছে।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি এবং ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার সংবাদমাধ্যমকে জানিয়েছেন, আগামী ২৩ জুন রাতে প্রথম ধাপের ফল প্রকাশ করা হবে। এরপর ভর্তি নীতিমালার সময়সূচি মেনে সব কার্যক্রম যথাসময়ে শেষ করা হবে। ভর্তি নীতিমালা অনুযায়ী-প্রথম ধাপে ফল প্রকাশের পর নির্বাচিতদের নিশ্চায়ন করতে হবে। তাদের নিশ্চায়ন প্রক্রিয়া শেষ হলে শূন্য আসনে ৩০ জুন থেকে দ্বিতীয় ধাপে আবেদন শুরু হবে, যা চলবে ২ জুলাই পর্যন্ত।

তিনি আরও জানান, আগামী ৪ জুলাই রাত ৮টায় দিতীয় ধাপের ফল প্রকাশ করা হবে। এরপর টানা চারদিন ধরে চলবে দিতীয় ধাপে নির্বাচিতদের নিশ্চায়ন প্রক্রিয়া। ৯ ও ১০ জুলাই তৃতীয় ধাপে আবেদন নেওয়া হবে, যার ফল প্রকাশ করা হবে ১২ জুলাই রাত ৮টায়। তিন ধাপে আবেদনের পর ফল প্রকাশ, নিশ্চায়ন ও মাইগ্রেশন শেষে ১৫ জুলাই থেকে ভর্তি প্রক্রিয়া শুরু হবে, যা চলবে ২৫ জুলাই পর্যন্ত। ভর্তি কার্যক্রম শেষে আগামী ৩০ জুলাই সারাদেশে একযোগে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হবে।